

(প্রেস বিজ্ঞপ্তি)

১৫ জুন'২০২৪খ্রি.

ঈদের জামাতের জন্য প্রস্তুত জমিয়তুল ফালাহ ময়দান: চসিক মেয়র

ঈদুল আজহার কেন্দ্রীয় জামাতের জন্য চট্টগ্রামের জমিয়তুল ফালাহ ঈদগাহ ময়দান সম্পূর্ণ প্রস্তুত বলে জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শনিবার জমিয়তুল ফালাহ মসজিদের মাঠ পরিদর্শনকালে মেয়র বলেন, চট্টগ্রামের কেন্দ্রীয় ঈদ জামাতের জন্য জমিয়তুল ফালাহ ঈদগাহ ময়দান সম্পূর্ণ প্রস্তুত। এবার সকাল ৭.৩০ (সাড়ে সাতটা) ও ৮.১৫ (সোয়া আটটা) তে দুটি জামাতে নামাজের ব্যবস্থা করা হয়েছে। মুসল্লিদেও নামাজের সুবিদার্থে পর্যাপ্ত ফ্যান, আর সামিয়ানা থাকবে। অজু করার জন্য মসজিদের অজুখানার পাশাপাশি অতিরিক্ত গাড়িতে পানির সুব্যবস্থা করা হয়েছে। নিরাপত্তার জন্য থাকছে সিসিটিভি মনিটরিংসহ পর্যাপ্ত আইনশৃঙ্খলা বাহিনীর প্রশিক্ষিত সদস্যরা। পাশাপাশি ওয়ার্ড কাউন্সিলরদের তত্ত্বাবধানে ওয়ার্ডগুলোতে ঈদ জামাত অনুষ্ঠিত হবে। "স্বাভাবিক বৃষ্টিতে নামাজ বিঘ্নিত না হওয়ার জন্য মসজিদের আশপাশের নালাগুলো পরিষ্কার করা হয়েছে। তবে অস্বাভাবিক বৃষ্টিতে পানি উঠলে মসজিদের ভিতরে জামাত হবে। এছাড়া মুরাদপুরের মুহাম্মদপুরে ঈদের নামাজ পড়তে পারবে এমন একটি ঈদগাহ নির্মাণ করা হয়। কোরবানির বর্জ্য পরিষ্কারে পর্যাপ্ত প্রস্তুতি নেয়া হয়েছে জানিয়ে মেয়র বলেন, সাত ঘন্টার মধ্যে নগরীকে কোরবানির বর্জ্যমুক্ত করার জন্য প্রস্তুতি নিয়েছি আমরা। পশুর নাড়ি-ভুড়ি নেয়ার জন্য পলিথিন সরবরাহ করা হবে। এছাড়া, চামড়া ব্যবসায়ীদের সাথে আমরা সভা করেছি। আশা করি এবার চামড়া নষ্ট হয়ে পরিবেশ বিনষ্ট হবেনা।" এসময় আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, কাউন্সিলর আবুল হাসনাত মো. বেলাল, আবদুস সালাম মাসুম, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম।

এছাড়া সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে ৯টি মসজিদে সকাল সাড়ে ৭টায় ঈদ জামাত অনুষ্ঠিত হবে। মসজিদগুলো হল যথাক্রমে লালদিঘী সিটি কর্পোরেশন শাহী জামে মসজিদ, হযরত শেখ ফরিদ (রঃ) চশমা ঈদগাহ মসজিদ, সুগন্ধা আবাসিক এলাকা জামে মসজিদ, চকবাজার সিটি কর্পোরেশন জামে মসজিদ, জহুর হকার্স মার্কেট জামে মসজিদ, দক্ষিণ খুলশী (ভিআইপি) আবাসিক এলাকা জামে মসজিদ, আরেফীন নগর কেন্দ্রীয় কবরস্থান জামে মসজিদ, সাগরিকা গরুবাজার জামে মসজিদ এবং মা আয়েশা সিদ্দিকী চসিক জামে মসজিদ (সাগরিকা জহুর আহমদ চৌধুরী স্টেডিয়াম সংলগ্ন)। এছাড়াও নগরীর ৪১টি ওয়ার্ডে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণের তত্ত্বাবধানে একটি করে প্রধান ঈদ জামাত স্ব স্ব মসজিদ/ঈদগাহে অনুষ্ঠিত হবে।

দেওয়ান বাজার ওয়ার্ডে পবিত্র ঈদুল আযহা উপলক্ষে বর্জ্য ব্যবস্থাপনার প্রস্তুতি অনুষ্ঠিত

আসন্ন পবিত্র ঈদুল আযহা ২০২৪ ইং পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে ২০নং দেওয়ান বাজার ওয়ার্ডের কাউন্সিলর, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক প্যানেল মেয়র-১ চৌধুরী হাসান মাহমুদ হাসানীর সার্বিক ব্যবস্থাপনায় একটি পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের প্রস্তুতি পর্ব ২০নং দেওয়ান বাজার ওয়ার্ড অফিসের সম্মুখে সম্পন্ন করা হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। আরো উপস্থিত ছিলেন চসিকের প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, আলকরন ওয়ার্ডের কাউন্সিলর আব্দুস সালাম মাসুম, ওয়ার্ড সচিব মনজুর আলম মনজুর, সুপারভাইজার কাজী মোঃ লুৎফর রহমান, আব্দুর রহিম, মোহাম্মদ মিয়া। এলাকাবাসীর পক্ষে আব্দুল্লাহ আল হারুন, জহির উদ্দিন, সাহাদাত আলী সাজ্জাদ, শহীদুল ইসলাম চৌধুরী, খোরশেদ আলম, মোঃ সালাউদ্দিন, নাদিম, নওশেদ আলী খান, ওয়াহিদুল আলম, মোরশেদ আলম, মোঃ হারুন, আলোড়ন বিশ্বাস ফ্লাওয়ার, মোঃ রুবেল, মোঃ মহিউদ্দিন, মোঃ আরিফ, মোঃ আমির, সালাহউদ্দিন সুমন, হিমেল হোসেন, ইশতিয়াজ আজিজ প্রমুখ।

এ সময় প্রধান অতিথি চসিক মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী দেওয়ান বাজার ওয়ার্ডের কাউন্সিলর চৌধুরী হাসান মাহমুদ হাসানীর এ উদ্যোগকে সাধুবাদ জানান। সাথে সাথে এলাকাবাসীকেও নির্দিষ্ট স্থানে বর্জ্য ফেলে এবং পানির মাধ্যমে কোরবানীর রক্ত ধৌত করে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমে সহযোগিতা করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮